

এসএসসির খাতা মূল্যায়নে অবহেলা : ৫ বছরের জন্য কালো তালিকায় ৭১ শিক্ষক

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

২০২৫ সালের এসএসসি পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নে
দায়িত্বহীনতা ও অবহেলার দায়ে ৭১ জন প্রধান পরীক্ষক ও
পরীক্ষকদের আগামী পাঁচ বছরের জন্য কালো তালিকাভুক্ত
করেছে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা। এসব
শিক্ষক বোর্ডের নিয়ন্ত্রণাধীন আগামী পাঁচ বছরের মধ্যে অনুষ্ঠিতব্য
কোনো পাবলিক পরীক্ষায় প্রধান পরীক্ষক, পরীক্ষক বা নিরীক্ষক
হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন না।

বুধবার (২০ আগস্ট) বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর এস এম
কামাল উদ্দিন হায়দারের সই করা এক বিজ্ঞপ্তিতে এ সিদ্ধান্ত
জানানো হয়েছে।

এতে বলা হয়েছে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানদের কালো
তালিকাভুক্ত শিক্ষকদের নাম দ্রুত ই-এফটি থেকে কর্তন করে
বোর্ডকে জানানোর জন্য নির্দেশ দেওয়া হয়েছে।

তালিকা পর্যালোচনায় শাস্তিপ্রাপ্ত শিক্ষকদের মধ্যে রয়েছেন
নারায়ণগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর, মুন্সীগঞ্জ, মাদারীপুর,
কিশোরগঞ্জ, টাঙ্গাইল, গোপালগঞ্জ, মানিকগঞ্জসহ একাধিক
জেলার শিক্ষক।

মন



‘অশোভন পোশাকে’ মসজিদের অভ্যন্তরে ভিডিও
ধারণ, মডেলের বিরুদ্ধে মামলা

বিষয়ভিত্তিকভাবে দেখা যায়, সবচেয়ে বেশি শিক্ষক কালো
তালিকাভুক্ত হয়েছেন ইংরেজি প্রথম ও দ্বিতীয় পত্রে। এর বাইরে
বাংলা, গণিত, উচ্চতর গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান,
ইসলাম শিক্ষা, ব্যবসায় উদ্যোগ, হিসাববিজ্ঞান ও বাংলাদেশ ও
বিশ্বপরিচয়সহ বিভিন্ন বিষয়ে মূল্যায়নে অবহেলার কারণে ব্যবস্থা
নেওয়া হয়েছে।

আর শিক্ষকদের মধ্যে কেউ কেউ সহকারী শিক্ষক, আবার অনেকে
বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও অধ্যক্ষ।

তাদের মধ্যে রয়েছেন টাঙ্গাইলের ঘাটাইলের মুরাহিদ গড়বাজার
আইডিয়াল হাই স্কুলের প্রধান শিক্ষক মো. ইসহাক আলী,
রাজবাড়ীর আরাবাড়িয়া হাই স্কুলের প্রধান শিক্ষক মো. আবদুল
মানান, নারায়ণগঞ্জের হাজী পাণ্ডে আলী হাই স্কুলের প্রধান শিক্ষক
শিশির কুমার বালা, মানিকগঞ্জ সরকারি হাই স্কুলের শিক্ষক মো.
মোস্তাক আহমেদসহ অনেকে।

বোর্ডের বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, উত্তরপত্র মূল্যায়নের ক্ষেত্রে
দায়িত্বে অবহেলা শিক্ষার্থীদের ভবিষ্যৎ ক্ষতিগ্রস্ত করে। তাই
শিক্ষকদের দায়িত্বশীলতা নিশ্চিত করতে এ ধরনের কঠোর ব্যবস্থা
নেওয়া হয়েছে। একইসঙ্গে ভবিষ্যতে যেকোনো পরীক্ষায় উত্তরপত্র
মূল্যায়নে অবহেলার ঘটনা প্রমাণিত হলে একইভাবে শাস্তি দেওয়া
হবে বলেও জানানো হয়েছে।